

[বাংলাদেশ](#)

বিএসএমএমইউর উপাচার্য অবরুদ্ধ

বিশেষ প্রতিনিধি ঢাকা



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের বিক্ষোভ। আজ দুপুরে তোলা ছবি ভিডিও থেকে নেওয়া

ভাতা বাড়ানোর দাবিতে স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীরা বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) উপাচার্যসহ উর্ধ্বর্তন কর্মকর্তাদের অবরুদ্ধ করে রেখেছেন।

বিশ্ববিদ্যালয়ের একাধিক কর্মকর্তা জানিয়েছেন, ভাতা বাড়ানোর দাবিতে শিক্ষার্থীরা বেলা সাড়ে ১১টার দিকে আন্দোলন শুরু করেন। বেলা তিনটায় শেষ খবর পাওয়া পর্যন্ত শিক্ষার্থীদের আন্দোলন চলছিল।

স্নাতকোত্তর পর্যায়ের আবাসিক ও অনাবাসিক শিক্ষার্থীরা মাসে ২০ হাজার টাকা করে ভাতা পান। তাঁদের দাবি, ভাতা বাড়িয়ে ৫০ হাজার টাকা করতে হবে। শিক্ষার্থীরা কয়েক মাস ধরে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে দাবিটি জানিয়ে আসছেন। অনাবাসিক শিক্ষার্থীদের ভাতা ৯ মাস ধরে বকেয়া রয়েছে।

উপাচার্যের কার্যালয় সূত্র জানিয়েছে, বিশ্ববিদ্যালয়ে আবাসিক শিক্ষার্থী আছেন ৩ হাজার ২৭৬ জন, অনাবাসিক শিক্ষার্থী আছেন ১ হাজার ৫৩১ জন।

আজ মঙ্গলবার বেলা ১১টার দিকে উপাচার্যের কার্যালয়ের সামনের কলাপসিবেল গেট বন্ধ দেখা যায়। গেটের বাইরে ১৫-২৫ জন আনসার সদস্য মোতায়েন ছিল। তখন একজন কর্মকর্তা বলেছিলেন যে অপ্রীতিকর ঘটনা এড়ানোর জন্য এই ব্যবস্থা নেওয়া হয়েছে।

By using this site, you agree to our Privacy Policy.

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের বিক্ষেপ। আজ দুপুরে তোলা ছবি ভিডিও থেকে নেওয়া

মুঠোফোনে যোগাযোগ করলে বিএসএমএমইউর উপাচার্য মো. শারফুদ্দিন আহমেদ প্রথম আলোকে বলেন, ‘আমি শিক্ষার্থীদের বলেছি, তাঁদের দাবি আমি স্বাস্থ্য মন্ত্রণালয়সহ উর্ধ্বর্তন কর্তৃপক্ষকে জানাব।’



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো